



১৩



ফায়েজুল করিম ও আহাদুল আমিন দাদন

## বাকসু নির্বাচনে ছাত্র সংগ্রাম পরিষদের পূর্ণ প্যানেল জয়ী

আমাদের সংবাদদাতা ফোনে জানান, কৃষিবিদ্যায় কেন্দ্রীয় ছাত্র সংসদ (বাকসু) নির্বাচনে ৮

দল সমন্বিত ৩ দলীয় ছাত্র সংগ্রাম পরিষদ পূর্ণ প্যানেলে জয়লাভ করিয়াছে। পরিষদের প্রার্থী ফায়েজুল করিম ছাত্র লীগ (সু-র) সহ-সভাপতি পদে ১২৭৮ ভোট এবং সৈয়দ একে এম আহাদুল আমিন দাদন (ছাত্র ইউনিয়ন) সাধারণ (শেষ পঃ ৮-এর কঃ ৩ঃ)

### বাকসু নির্বাচন (১ম পঃ পর)

সম্পাদক পদে ১২৪৩ ভোট পাইয়া নির্বাচিত হইয়াছেন। সংগ্রাম পরিষদ ৯টি ছাত্রাবাস সংসদ নির্বাচনে এটিতে পূর্ণপ্যানেল এবং ৬ টিতে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করিয়াছে। ৯টি হলের মোট ১২৬টি পদের 'ফায়জুল-দাদন' পরিষদ ১১৬টি পদে জয়লাভ করে। অবশিষ্ট ১০টি পদের ৮টিতে ৫ দল সমন্বিত ছাত্র সংগ্রাম পরিষদের শামসুল-রতন পরিষদের (২য় পঃ ৩ঃ)

### বাকসু নির্বাচন

(১ম পঃ পর)

প্রার্থীরা এবং অপর ২টি পদে জাতীয়তাবাদী ছাত্র দলের প্রার্থীরা জয়ী হইয়াছে। দুইটি হলের ২টি পদে দুই সংগ্রাম পরিষদের দুইজন প্রার্থী সমান সমান ভোট পাইয়াছে। ফায়জুল-দাদন পরিষদ হোসেন শহীদ সোহরাওয়ার্দী হল, শহীদ শামসুল হক হল, শহীদ জানাল হোসেন হলে পূর্ণ প্যানেলে বিজয়ী হইয়াছে। শামসুল-রতন পরিষদে প্রার্থীরা ফজলুল হক হলে যুগ্ম সম্পাদক ও সমাজ কল্যাণ সম্পাদক পদ, শহীদ নাজমুল আহমান হলে সহ-ক্রীড়া সম্পাদক, শাহজালাল হলে ক্রীড়া ও সাহিত্য সম্পাদক পদ, ঈশা খাঁ হলে সমাজ কল্যাণ সম্পাদক এবং সুলতানা রাজিয়া হলে সাধারণ সম্পাদক, সহ-ক্রীড়া সম্পাদক ও একটি সদস্য পদে জয়ী হইয়াছে। জাতীয়তাবাদী ছাত্র দল আশরাফুল হক হলে ভিপি ও ঈশা খাঁ হলে ক্রীড়া সম্পাদক পদে জয়ী হইয়াছে। ইসলামী ছাত্র শিবির বাকসু ও ছাত্রাবাস সংসদের কোনটিতেই কোন পদ

পায় নাই।

বাকসুতে নির্বাচিত অন্যান্য সদস্য হইলেন : যুগ্ম সম্পাদক সাইফুল ইসলাম, ক্রীড়া সম্পাদক ছাইফুল ইসলাম, সহ ক্রীড়া ফজলে রাব্বী আতা, ছাত্রলীগ (সু-র); সাহিত্য সম্পাদক কুলদা নন্দরায়, ছাত্র ইউনিয়ন; মিলনায়তন সম্পাদক মফিজুর রহমান, ছাত্র লীগ (সু-র); বার্ষিক সম্পাদক শেখ মোঃ বখতিয়ার পাশা ছাত্রলীগ (সু-র); প্রমোদ সম্পাদক আহসান হাবীব, ছাত্র ইউনিয়ন; সমাজ কল্যাণ সম্পাদক মাসুদ পারভেজ জুয়েল, ছাত্রলীগ (সু-র)। সদস্যরা হইলেন : মোঃ বেলাল হোসেন জাতীয় ছাত্রলীগ, আলতাফ হোসেন ছাত্র ইউনিয়ন, সৈয়দ আলী আহসান মন্টু ছাত্র ইউনিয়ন, গোতম সরকার ছাত্রলীগ, আবু সায়েদ কামাল বাচ্চ ছাত্রলীগ (সু-র)। এবারের নির্বাচনে মোট ভোটের ছিল ৩৮২৭। প্রদত্ত ভোটের সংখ্যা ২৭৭৩। ভোট দানের হার ৭২ শতাংশ ৪৬। পরে ছাত্র সংগ্রাম পরিষদ বিজয় মিছিল বাহির করে।